ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৬১৫</u>

খোয়াই,৮ মে,২০২৫

# খোয়াইয়ে রক্তদান শিবির অনুষ্ঠিত

রক্তদান জীবনদান এই আহ্বানকে সামনে রেখে আজ ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির উদ্যোগে খোয়াইয়ের কথাকলি কমিউনিটি হলে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুকূল দাস বক্তব্য রাখতে গিয়ে রক্তদানের মাধ্যমে মানুষের অমূল্য জীবন রক্ষার পাশাপাশি সমাজের সকল অংশের মানুষকে রক্তদানে এগিয়ে আসতে আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য হরিশঙ্কর পাল, খোয়াই ব্লক এস.সি. সাব কমিটির চেয়ারম্যান সমীর দাস, পুরপরিষদের সদস্য পীযূষ কান্তি চৌধুরী- রেডক্রস সোসাইটির ভাইস চেয়ারম্যান প্রবীর দাস প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন পুরপরিষদের সদস্য শঙ্কু পাল। স্বেচ্ছায় রক্তদান শিবিরে মোট ১৮ জন রক্তদান করেন।

*****